

■ সুনান আবু দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৩২

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১৮. ইঙ্গিজা করার সময় ডান হাতে পুরুষাঙ্গ স্পর্শ করা মাকরুহ প্রসঙ্গে

بَابُ كَرَاهِيَّةِ مَسِ الْذَّكَرِ بِالْيَمِينِ فِي الْإِسْتِبْرَاءِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ أَدَمَ بْنُ سُلَيْمَانَ الْمَصِيْحِيُّ، حَدَّثَنَا أَبْنُ أَبِي زَائِدَةَ، قَالَ: حَدَّثَنِي أَبُو يُوبَ - يَعْنِي الْإِفْرِيقِيُّ - عَنْ عَاصِمٍ، عَنِ الْمُسَيْبِ بْنِ رَافِعٍ وَمَعْبُدٍ، عَنْ حَارِثَةَ بْنِ وَهْبٍ الْخُزَاعِيِّ، قَالَ: حَدَّثَنِي حَفْصَةُ زَوْجُ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: كَانَ يَجْعَلُ يَمِينَهُ لِطَعَامِهِ وَشَرَابِهِ وَثِيَابِهِ وَيَجْعَلُ شِمَالَهُ لِمَا سِوَى ذَلِكَ .

- صحيح

বাংলা

৩২। হারিসাহ ইবনু ওয়াহ্স আল-খুয়াস (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর স্ত্রী হাফসাহ (রাঃ) আমাকে বলেছেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খাদ্য গ্রহণ, পানীয় পান ও পোশাক পরিধানের কাজ ডান হাতে করতেন। এছাড়া অন্যান্য কাজ বাম হাতে করতেন। [1]

সহীহ।

English

Narrated Hafsah, Ummul Mu'minin:

The Prophet (ﷺ) used his right hand for taking his food and drink and used his left hand for other purposes.

ফুটনোট

[1] আহমাদ (৬/২৮৭), হাকিম (৮/১০৯)। ইমাম হাকিম বলেন, এ হাদীসের সানাদ সহীহ, তবে বুখারী ও মুসলিম এটি বর্ণনা করেননি। কিন্তু ইমাম যাহাবী এ বলে তার বিরোধিতা করেছেন যে, এর সনদে অজ্ঞাত ব্যক্তি রয়েছে। আর আল্লামা মুন্যিরী 'মুখতাসার সুনান' গ্রন্থে (১/৩৪) বলেনঃ 'এর সনদে আবু আইয়ুব ইফরীকী এবং 'আবুজুলাহ ইবনু 'আলী সমালোচিত।' কিন্তু তার অনুসরণ (তাবে') করেছেন হামাদ ইবনু সালামাহ, আসিম ইবনু বাহদালাহ থেকে, তিনি সিওয়াল আল খায়াঙ্গ থেকে হাফসাহ সূত্রে। শায়খ আলবানী এটি বর্ণনা করেছেন সহীহ আল জামি গ্রন্থে (২/৮৮২, হাঃ ৪৯১২) এবং বলেছেন, সহীহ।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী □ বর্ণনাকারীঃ হারিসাহ ইবনু ওয়াহব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=57350>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন